



আজ পবিত্র জুমাতুল বিদা, শেষ হচ্ছে রমজান



পবিত্র জুমাতুল বিদা আজ, বিদায় নিচ্ছে রমজানও। ছবি: সংগৃহীত

রমজান মাসের শেষ শুক্রবার আজ। দেশজুড়ে ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে পালিত হবে পবিত্র জুমাতুল বিদা। মাহে রমজানের শেষ জুমার দিন মুসলিম বিশ্বে বিশেষ গুরুত্ব বহন করে এবং এই দিনটিকেই জুমাতুল বিদা বলা হয়। দিনের শেষে বিদায় নেবে ১৪৪৭ হিজরি সনের মহিমাম্বিত রমজান মাস। শুক্রবার (২০ মার্চ) রাজধানী বায়তুল মোকাররম জাতীয় মসজিদসহ দেশের বিভিন্ন মসজিদে জুমার নামাজে অংশ নেবেন ধর্মপ্রাণ মুসল্লিরা। নামাজের আগে খতিব ও আলেমরা খুতবায় জুমাতুল বিদার তাৎপর্য ভুলে ধরবেন।

নামাজ শেষে দেশ ও জাতির মঙ্গল, মুসলিম উম্মাহর শান্তি এবং সমৃদ্ধি কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে। একই সঙ্গে রমজানকে বিদায় জানিয়ে আবেগঘন প্রার্থনায় অংশ নেবেন মুসল্লিরা।

সবচেয়ে বড় জামায়াত বসবে রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদ প্রাঙ্গণে। জুমার পর সেখানে জাতির কল্যাণ, মুসলিম উম্মাহর ঐক্য ও বিশ্বশান্তি কামনায় বিশেষ মোনাজাত করা হবে।

মুমিনের জীবনে রমজান মাসের গুরুত্ব অপরিসীম। জুমাতুল বিদার মধ্য দিয়ে কার্যত বিদায় জানানো হয় সিয়াম সাধনার মাসকে। এদিনেই পূর্ণ হচ্ছে রমজানের ৩০ দিন। পরদিন শনিবার সারা দেশে উদযাপিত হবে পবিত্র ঈদুল ফিতর।